



কোভিড-19 থেকে নিরাপদ থাকুন

করোনাভাইরাসে যে কোনো কেউই আক্রান্ত হতে পারেন। কোভিড-19 এর টিকা (ভ্যাকসিন) আপনাকে কোভিড থেকে নিরাপদ রাখবে এবং মারাত্মক ভাবে অসুস্থ হয়ে পড়ার ঝুঁকি কমাবে।

নিম্নলিখিত বিষয়গুলি আপনার জানা দরকার:

- যে কোনো টিকার মতই কোভিড-19 এর টিকাগুলো আপনার শরীরকে শিক্ষা দেবে ভাইরাসের বিরুদ্ধে কিভাবে যুদ্ধ করতে হয়। টিকা থেকে আপনার করোনাভাইরাস হবে না। টিকার উপাদানগুলো মাত্র কয়েক দিনের ভিতরে শরীর থেকে বেরিয়ে যাবে।
- **টিকাগুলো নিরাপদ, পরীক্ষিত এবং কার্যকরী হয়:** অন্য যে কোনো টিকা ও ওষুধের মতই এই টিকাগুলোকেও একই পদ্ধতিতে পরীক্ষা করা হয়েছে। পরীক্ষায় দেখা গেছে যে, টিকাগুলো নিরাপদ এবং তা কোভিড-19 এর বিরুদ্ধে উচ্চ সুরক্ষা প্রদান করে।
- কোনো টিকায়ই দ্রুতের বা প্রাণীর উপাদান নেই। টিকা আপনার ডিএনএ পরিবর্তন করবে না।
- মুসলিম আলেমরা টিকাগুলোকে হালাল বলে অনুমোদন দিয়েছেন। খ্রীষ্টান, হিন্দু ও ইহুদি নেতারাও টিকাগুলোকে অনুমোদন করেছেন। মুসলিম আলেমগণ স্পষ্ট করে বলেছেন, টিকা নিলে রোজা ভাঙবে না। সুতরাং রোজা মাসেও আপনি টিকা নিতে পারবেন।
- টিকাগুলো শুধুমাত্র এন.এইচ.এস (NHS) থেকে অ্যাপয়েন্টমেন্ট করে নেয়া যায়। টিকা বিনামূল্যে দেয়া হয়। বয়স ক্রমানুসারে অথবা যাদের কোভিড-19 হলে মারাত্মক অবস্থা হতে পারে, তাদেরকে আগে টিকা দেয়া হচ্ছে।
- আপনার টিকা নেয়ার সময় যখন হবে তখন আপনার জিপি আপনার সাথে যোগাযোগ করবেন অথবা এন.এইচ.এস (NHS) এর ন্যাশনাল বুকিং সার্ভিস থেকে চিঠি পাবেন। আপনাকে বা আপনার পরিবারের কোনো সদস্যকে কখন টিকা দেয়া হবে, তা জানার জন্য অনুগ্রহ করে জিপিকে ফোন করবেন না। জিপি আপনাকে তা বলতে পারবেন না। আপনার ফোনের কারণে যাদের চিকিৎসা প্রয়োজন তারা জিপির সাথে যোগাযোগ করতে গিয়ে ফোনের লাইন পাবেন না।
- সর্বোচ্চ সুরক্ষা পেতে হলে আপনাকে দুই ডোজ টিকা নিতে হবে। সুতরাং অনুগ্রহ করে এপয়েন্টমেন্টে যাওয়া ভুলে যাবেন না।
- কোভিড-19 এর টিকা গুরুতর অসুস্থ হওয়া থেকে আপনাকে রক্ষা করবে। তবে তা সত্ত্বেও আপনার কাছ থেকে অন্যদের কাছে ভাইরাস ছড়াতে পারে। সুতরাং গুরুত্ব দিয়ে নিরাপত্তা অবলম্বন সংক্রান্ত নির্দেশনা মেনে চলবেন - বিশেষ করে মুখাবরণ (ফেইস মাস্ক) লাগাবেন, হাত ধোঁত করবেন এবং দুই মিটার দূরত্ব বজায় রাখবেন।

কোভিড-19 এর টিকা যত বেশি লোককে দেয়া হবে সাধারণ জীবনে ফিরে যাওয়ার সম্ভাবনা আমাদের ততই বেশি থাকবে। যখন আপনাকে আমন্ত্রণ জানানো হবে তখন অনুগ্রহ করে টিকা নিন এবং ভাইরাস দূর করায় সাহায্য করুন।

টিকা সম্পর্কে জানতে ভিজিট করুন www.nhs.uk/CovidVaccine